



Class- V

Sub- 2nd language (Bengali)

Time- 30minutes

Topic- Grammar

Date- 15/06/2020

Worksheet-20

নিচে 'বচন'-এর পর্বতী অংশ এবং একবচন থেকে বহুবচন রূপান্তরের নিয়ম গুলি দেওয়া হয়েছে।
তোমরা বিষয়টি প্রথমে ভালো করে পড়বে এবং তারপর প্রশ্নগুলির উত্তর লিখবে।

একবচন বোঝার উপায় :

- * শব্দের সঙ্গে কিছু যোগ না করে, কেবলমাত্র মূল শব্দটি ব্যবহার করে একবচন বোঝানো হয়। যেমন—
বালক, বালিকা, খাতা, কলম ইত্যাদি।
- * বিশেষ্য পদের সঙ্গে টি, টা, খানা, খানি ইত্যাদি যোগ করেও একবচন বোঝানো হয়ে থাকে। যেমন—
ছেলেটি, মেয়েটি, বইটা, কলমটা প্রভৃতি।
- * বিশেষ্য পদের আগে 'এক' শব্দটি উল্লেখ করে একবচন বোঝানো হয়ে থাকে। যেমন— আমার এক বোন
আছে। আমাকে একটি বই দাও।

বহুবচন বোঝার উপায় :

- * শব্দের সঙ্গে গুলি, গুলো ইত্যাদি যোগ করে বহুবচন বোঝানো হয় যেমন --বইগুলি, কলমগুলি
ইত্যাদি।
- * বিশেষ্য পদের আগে দুই বা তার বেশি সংখ্যা উল্লেখ করে বহুবচন বোঝানো হয়। যেমন-- দুটি
ফুল, চারটি দিক ইত্যাদি
- * বিশেষ্য বিশেষণ সর্বনাম ও ক্রিয়া পদের দ্বার ব্যবহার করে বহুবচন বোঝানো হয়। যেমন --
বনে বনে সে ঘুরে বেড়ায়, পাকা পাকা আম ইত্যাদি।

•> এবার আমরা দেখবো একবচন থেকে বহুবচন পরিবর্তনের বিভিন্ন উপায়।

◆ প্রাণীবাচক শব্দের শেষে 'রা', 'এরা' যোগ করে :

একবচন	বহুবচন	একবচন	বহুবচন
আমি	আমরা	মানুষ	মানুষরা
তুমি	তোমরা	ছেলে	ছেলেরা
আপনি	আপনারা	মেয়ে	মেয়েরা
রাজা	রাজারা	প্রজা	প্রজারা
বোন	বোনেরা	ভাই	ভাইয়েরা
সেবক	সেবকেরা	বন্ধু	বন্ধুরা

◆ অপ্রাণীবাচক শব্দের শেষে 'গুলি' যোগ করে।

একবচন	বহুবচন	একবচন	বহুবচন
ফল	ফলগুলি	বৃক্ষ	বৃক্ষগুলি
বই	বইগুলি	খাতা	খাতাগুলি
কলম	কলমগুলি	পেনসিল	পেনসিলগুলি
ফুল	ফুলগুলি	ঘর	ঘরগুলি
গাছ	গাছগুলি	চিঠি	চিঠিগুলি
লাঠি	লাঠিগুলি		

◆ শব্দের শেষে গণ, সব, সকল, সমূহ, বৃন্দ, কুল, মালা, গুচ্ছ, রাজি, রাশি, পুঞ্জ প্রভৃতি যোগ করে।

একবচন	বহুবচন	একবচন	বহুবচন
ছাত্র	ছাত্রবৃন্দ	সৈন্য	সৈন্যদল
দ্বীপ	দ্বীপপুঞ্জ	মেঘ	মেঘমালা
পাখি	পাখিসব	ব্যক্তি	ব্যক্তিসকল
কবিতা	কবিতাগুচ্ছ	রাষ্ট্র	রাষ্ট্রসকল
বন	বনরাজি	নাগরিক	নাগরিকবৃন্দ
ধূলি	ধূলিরাশি	নক্ষত্র	নক্ষত্রপুঞ্জ
মনুষ্য	মনুষ্যকুল	শব্দ	শব্দসমষ্টি
বর্ণ	বর্ণসমষ্টি	শ্রমিক	শ্রমিকগোষ্ঠী
পর্বত	পর্বতমালা	পক্ষী	পক্ষীগণ
তারকা	তারকাপুঞ্জ	কুসুম	কুসুমরাজি
তরু	তরুশ্রেণি	শিক্ষক	শিক্ষকবৃন্দ

একবচন	বহুবচন	একবচন	বহুবচন
আলোক	আলোকমালা	দেব	দেবগণ
হর্ম্য	হর্মরাজি	শিল্পী	শিল্পীবর্গ
পুষ্প	পুষ্পরাশি	কৃষক	কৃষকবর্গ
নেতা	নেতৃবৃন্দ	বাক্য	বাক্যরাশি
তৃণ	তৃণগুচ্ছ	কেশ	কেশদাম

❖ শব্দের আগে বহুবচন বিশেষণ যোগ করে :

একবচন	বহুবচন	একবচন	বহুবচন
দিন	সাতদিন	পাণ্ডব	পঞ্চপাণ্ডব
পাখি	বহু পাখি	বর্ষ	শতবর্ষ
রাত্রি	বহু রাত্রি	রাত	তিন রাত
লোক	অজস্র লোক	মাছ	বিস্তর মাছ
পাখি	পাখিসকল	বোন	চার বোন
দেশ	বহু দেশ	বিষয়	বহু বিষয়
অঙ্ক	অজস্র অঙ্ক	চুল	একরাশ চুল
শ্রমিক	অসংখ্য শ্রমিক	তারা	অসংখ্য তারা
বাড়ি	বিস্তর বাড়ি	লোক	অগুনতি লোক

❖ বচন অনুযায়ী সর্বনাম পদের নির্দিষ্ট রূপ :

একবচন	বহুবচন	একবচন	বহুবচন
আমি	আমরা	তঁর	তঁদের
তুমি	তোমরা	এর	এদের
আমার	আমাদের	ওর	ওদের
তোমার	তোমাদের	কার	কাদের
তাহার	তাহাদের	তোর	তোদের
আপনি	আপনারা	তিনি	তঁারা
আপনার	আপনাদের	তুই	তোরা

উপরের আলোচনাটি তোমরা প্রথমে ভালো করে পড়ো এবং তারপর প্রশ্নগুলোর উত্তর লেখ। উত্তর একটি পৃষ্ঠায় লিখবে এবং পৃষ্ঠাটি যত্ন করে ফাইল-এ রেখে দেবে।

১। একবচন ও বহুবচনের বিশেষ্য ও সর্বনাম পদগুলি আলাদা করে লেখো :

- (ক) ওরা সব মৌমাছি।
- (খ) গোরুটি মাঠে চরছে।
- (গ) সূর্য এখন মেঘের আড়ালে।
- (ঘ) লাঠিখানি দাও।
- (ঙ) আকাশে মেঘমালা ঘনীভূত হয়েছে।
- (চ) বাগানে ফুল ফুটেছে।
- (ছ) নদীসমূহ সাগরে পতিত হয়।
- (জ) সম্মুখে উচ্চ পর্বতমালা।
- (ঝ) অনন্ত বই পড়ছে।
- (ঞ) তিনি আমাদের গল্প বললেন।

২। নীচের বিশেষ্য ও সর্বনাম পদ গুলিকে বহুবচনে রূপান্তরিত করো :
পাখি, গাছ, চিঠি, যে, আমি, তুমি, বালক, ফুল, নদী, তিনি, রাম।

৩। বন্ধনীর মধ্যে থেকে সঠিক শব্দজোড় বেছে নিয়ে শূন্যস্থানে বসানো :

- (ক) _____ লোক মেলায় চলেছে। (ঝাঁকে ঝাঁকে / দলে দলে)
- (খ) _____ ফুল ফুটেছে। (ঘাটে ঘাটে / বনে বনে)
- (গ) _____ কাজটি সেরে ফেলো। (দিনে দিনে / বাঁকে বাঁকে)
- (ঘ) _____ এই রাস্তা চেনে? (যেমন যেমন / কারা কারা)
- (ঙ) বেশি _____ কোরো না। (গ্রামে গ্রামে / খাই খাই)